আলমডাঙ্গা বনিক সমিতির মতবিনিময় সভা

আলমডাঙ্গা বনিক সমিতির বিশেষ বর্ধিত ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। নির্বাহী সদস্যগণ যদি পর পর ৩ সভায় অনুপস্থিত থাকেন তাকে শোকচ করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

গতকাল শুক্রবার রাত সাড়ে ৭ টার সময় বনিক সমিতির কার্যালয়ে বিশেষ সভায় সভাপতিত্ব করেন, বনিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের পরিচালনায় বক্তব্য রাখেন, বনিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম ও জাহাঙ্গির আলম, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান।

বক্তারা সমিতির সদস্যদের ব্যাবসা-বাণিজ্য সহ সার্বিক উন্নয়ন, জনসেবামূলক কাজ ও বিভিন্ন পরিকল্পনা নিয়ে বিস্তর আলোচনা করেন। বিশেষ আলোচনায় বলা হয়, সমিতির সকল সদস্যদের চান্দা আদায়, যে সকল সদস্য সমিতির ফান্ড থেকে ঋন নিয়ে ব্যাবসা পরিচালনা করছেন, তারা সঠিক সময়ে ঋন পরিশোধ করছেন কিনা তা সময়ে সময়ে তদারকি করে তাদেরকে দ্রুত টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও বনিক সমিতির সদস্য হামিদুল ইসলাম আজম, বনিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম ও জাহাঙ্গীর আলম, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, নির্বাহী সদস্য, জয়নাল আবেদীন ক্যাপ, হাজী রফিকুল আলম, মোহাম্মদ শরিফুল ইসলাম, সাইদুর রহমান, সিরাজুল ইসলাম, ফারুক আলী, কাবলু মিয়া, তোতা মিয়া, রতন আলী প্রমুখ।

সভায় একজন ব্যবসায়ীর দরখাস্তের পরিপ্রেক্ষিতে তার পাওনা টাকা পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়। সে পাওনাদারদের কাছ থেকে এক লক্ষ টাকা বুঝে পেয়েছে বলে জানান। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[

আলমডাঙ্গা বনিক সমিতির নির্বাচন প্রার্থীদের প্রতিক বরাদ্দ

আলমডাঙ্গা বনিক সমিতির নির্বাচনে মনোনয়ন উত্তোলনের শেষ দিনে মোট ৩৬ জনের মনোনয়ন পত্র উত্তোলন করেছিলেন।

গত ১৪ তারিখ প্রত্যাহারের শেষ দিনে ২ জন সদস্য পদপ্রার্থী আবু জাফর ডাক্তার ও আঃ সামাদ তাদের মনোনয়ন প্রত্যাহার করে নেন,এতে করে বাকি ১০ জন সদস্য বিনা প্রতিদন্দিতায় বেসরকারি ভাবে নির্বাচিত হন।

গতকাল সোমবার বনিক সমিতির নির্বাচনে প্রার্থীদের প্রতিক বরাদ্ধ করা হয়েছে। নির্বাচন কমিশনার সিরাজুল ইসলাম ও শহিদুল ইসলাম জানান বনিক সমিতির নির্বাচনে সভাপতি পদে বর্তমান সভাপতি আরেফিন মিয়া মিলন ছাতা প্রতিক,সাবেক সভাপতি মকবুল হোসেন দোয়াত কলম ও সাইফুল ইসলাম লিটন চাকা প্রতিক। অন্যদিকে সহ- সভাপতি পদে বর্তমান সহ-,সভাপতি কামরুল ইসলাম হীরা মাছ,হাফিজুর রহমান চশমা,রফিকুল আলম দেয়াল ঘড়ি ও আব্দুল হামিদ বটগাছ।সাধারন সম্পাদক পদে খোন্দঃ আব্দুল্লা আল মামুন সাইকেল,কামাল হোসেন আনারস। সহ সম্পাদক পদে শরিফুল ইসলাম বাঘ,বাবুলর রহমান ডাব,বদর উদ্দিন হাস,জাহাঙ্গির আলম গোলাপ ফুল।কোষাধ্যক্ষ পদে বর্তমান কোষাধ্যক্ষ আলাউদ্দিন মোরগ ও সোহানুর রহমান বাবুল হাতী।সাংগাঠনিক সম্পাদক আব্দুল লতিফ মই,আমিরুল ইসলাম লিটন চেয়ার। ধর্মিয় সম্পাদক রেজাউল করিম কাবিল মিনার ও আসাদুল হক তারা। দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন কলম ও ইফতেকার আহমেদ টিয়াপাখি। ক্রীড়া সম্পাদক পদে মাসুদ রানা মাসুম ফুটবল ও হাবিবুর রহমান আম প্রতিক।এছাড়াও নির্বাহী সদস্য পদে খন্দকার হামিদুল ইসলাম আজম,জসিম উদ্দিন,জয়নাল ক্যাপ,আঃ ওহাব কাবলু,ফারুক হোসেন,রেজাউল হক তোতা,রতন আলী,সাইদুল ইসলাম,,খন্দঃ সজিব,ও সিরাজুল ইসলাম মোট ১০ জন বিনা প্রতিদন্দিতায় নির্বাচিত হয়েছে।